قسم دعوة
وتوعية الجاليات

من المفلس

প্রকৃত নিঃস্ব কোন ব্যক্তিকে বলা হয়?

আবূ হুরাইরা ﷺ হতে বর্ণিত যে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন: "তোমরা জান কি, কোন ব্যক্তিকে প্রকৃত নিঃস্ব বলা হয়?" সাহাবীগণ বললেন: আমাদের মধ্যে নিঃস্ব সেই ব্যক্তিকে বলা হয়, যার ধন-সম্পত্তি কিছুই নেই। রাসূলুল্লাহ ﷺ বললেন: "আমার উম্মতের মধ্যে সেই ব্যক্তি প্রকৃত নিঃস্ব, যে ব্যক্তি কিয়ামতের দিন নামাজ, রোজা ও জাকাত প্রদান সহ উপস্থিত হবে। এবং সে উপস্থিত হবে এই অবস্থাতে যে, একে গালি দিয়েছে, ওকে অপবাদ দিয়েছে, তার মাল [অন্যায় ভাবে] খেয়েছে, অমুকের রক্তপাত করেছে এবং অমুককে মেরেছে। অতএব একে, ওকে, তাকে (অমুক, অমুক দাবিদারগণকে) তার নেকীগুলো প্রদান করা হবে। উক্ত দাবিদারগণের দাবিসমূহ পরিশোধ হওয়ার পূর্বে যদি তার সমস্ত নেকী শেষ হয়ে যায়, তাহলে তাদের পাপগুলো তার উপরে চাপিয়ে দেওয়া হবে এবং তাকে অবশেষে জাহান্নামের অগ্নিতে নিক্ষেপ করা হবে"। (ইমাম মুসলিম হাদীসটি বর্ণনা করেছেন, হাদীস নং ৫৯-(২৫৮১))।

শাইখ ইবনে ওসাইমীন রাহেমাহুল্লাহ বলেছেন:

নাবী ﷺ সত্যই কথা বলেছেন, কেননা প্রকৃত পক্ষে এই ব্যক্তিই নিঃস্ব [অসহায়] । কিন্তু এই পৃথিবীর নিঃস্ব [অসহায়ের] অবস্থা আলাদা; কেননা এই দুনিয়া হচ্ছে অনিত্য অস্থায়ী, আসে ও যায়। হতে পারে কোন অভাবগ্রস্ত মানুষ সন্ধ্যায় উপনীত হতে হতে ধনবান হয়ে যাবে, অথবা এর বিপরীতও ঘটতে পারে। কিন্তু প্রকৃত অসহায় বা নিঃস্ব হওয়ার অর্থ হচ্ছে এই যে, যে মানুষ জীবনে অনেক কষ্ট করে নেকী অর্জন করেছে, ওই নেকীগুলো সে হারিয়ে ফেলে নিঃস্ব হয়ে যাচ্ছে। অথচ সেই মানুষ কিয়ামতের দিনে তার ওই নেকীগুলো স্বচক্ষে দেখতে পাবে। অতঃপর তার কাছ থেকে ওই নেকীগুলো নিয়ে নেওয়া হবে এবং তার দাবিদারগণকে তা প্রদান করা হবে। (শারহু রিয়াযিস সালেহীন, ২য় খন্ড, পৃঃ ৪৩)

المكتب التعاوني للدعوة
و توعية الجاليات بالربوة

للمساهمة في الطباعة حساب رقم بمصرف الراجحي: ٢٩٦٦٠٨٠١٠٠٧٨٢٠٥
للتحويل من البنوك الأخرى: SA ٠٤٨٠٠٠٠٢٩٦٦٠٨٠١٠٠٧٨٢٠٥
هاتف: ٠١٤٤٥٤٩٠٠ فاكس: ٠١٤٩٧٠١٢٦